সংবাদ

তারিখ 16 SEP 2013


# রামগড় সর. ডিগ্রি কলেজে শিক্ষক সংকট : শিক্ষা কার্যক্রম ব্যাহত

প্রতিনিধি, খাগড়াছড়ি

একের পর এক বদলির কারণে শিক্ষক শূন্যতা দেখা দিয়েছে রামগড় সরকারি ডিগ্রি কলেজে। চারটি বিষয়ের কোন শিক্ষক নেই। ২১ শিক্ষকের মধ্যে আছেন মাত্র ৬ জন শিক্ষক। শূন্য রয়েছে ১৫ জন। শিক্ষক শূন্যতার কারণে অচল হয়ে পড়েছে কলেজের শিক্ষা কার্যক্রম। ফলে অধ্যয়নরত ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা চরম দুশ্চিন্তার মধ্যে রয়েছে। সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, নতুন শিক্ষক নিয়োগ না দিয়েই কর্তৃপক্ষ একের পর এক শিক্ষককে অন্যত্র বদলি করায় কলেজটিতে শিক্ষক শূন্যতা সৃষ্টি হয়েছে। সর্বশেষ গত জানুয়ারি মাসে অধ্যক্ষসহ ব্যবস্থাপনা বিভাগের দুজন এবং ইসলামের ইতিহাস বিভাগের একজন শিক্ষককে অন্য কলেজে বদলি করা হয়। এর মধ্যে শুধু অধ্যক্ষের শূন্য পদের নিয়োগ দেয়া হলেও বর্তমানে দর্শন, ব্যবস্থাপনা, হিসাব বিজ্ঞান, সমাজ বিজ্ঞান বিভাগে কোন শিক্ষক নেই। প্রত্যেক বিষয়ের দুটি করে পদ থাকলেও বাংলা, অর্থনীতি, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগে কর্মরত আছেন একজন করে শিক্ষক। অধ্যক্ষ ও উপাধ্যক্ষ বর্তমানে শূন্য রয়েছে। সহযোগী অধ্যাপক দাফতরিক কাজে প্রায় ব্যস্ত থাকেন। অবশিষ্ট ৫ জন শিক্ষক দিয়ে উচ্চ মাধ্যমিকের প্রথম বর্ষ ও দ্বিতীয় বর্ষের মানবিক, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগের ক্লাস এবং স্নাতক শ্রেণীর প্রথম বর্ষ ও তৃতীয় বর্ষের মানবিক, সমাজ বিজ্ঞান ও বাণিজ্য বিভাগের ক্লাস চালানো সম্ভব হচ্ছে না। ফলে শিক্ষা কার্যক্রম অচল হয়ে পড়েছে। ক্লাস না হওয়ায় ছাত্রছাত্রীরা কলেজ ক্যাম্পাসে ঘুরাফেরা ও আড্ডা দিয়ে সময় কাটায়। হতাশাগ্রস্ত শিক্ষার্থীরা কলেজ-বিমুখ হয়ে পড়েছে। সংশ্লিষ্টরা এ প্রতিনিধিকে জানান, শিক্ষক শূন্যতা পূরণের আবেদন জানিয়ে কলেজ কর্তৃপক্ষ একাধিক বার মহাপরিচালকের দফতরে পত্র পাঠিয়েছেন। এছাড়া গত বছরের ২৮ জুন পার্বত্য চট্টগ্রাম ভারত প্রত্যাগত শরণার্থী বিষয়ক টাস্কফোর্স চেয়ারম্যান যতীন্দ্রলাল ত্রিপুরা এমপি এবং ১৮ জুলাই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী দীপংকর তালুকদার শিক্ষক নিয়োগের ব্যাপারে পদক্ষেপ নেয়ার প্রতিশ্রুতি দিয়েছিলেন। কিন্তু এর পর দুইজন শিক্ষককে নিয়োগ দেয়া হলেও পরবর্তীতে অন্যত্র বদলি হয়ে যায়। অপরদিকে রামগড়ে '৭১-এর স্মৃতি ভাস্কর্য বিজয় উদ্বোধনকালে খাগড়াছড়ি জেলা প্রশাসক আনিস-উল-হক ভূইয়া রামগড়বাসীর পক্ষ থেকে সরকারে প্রধানমন্ত্রীর জন প্রশাসন বিষয়ক উপদেষ্টা এইচটি ইমাম বরাবরে রামগড় সরকারি ডিগ্রি কলেজের শিক্ষক শূন্যতা পূরণের জোর দাবি জানানো হয়। এ ব্যাপারে উপজেলা নির্বাহী অফিসার আমিনুল ইসলাম বলেন, শিক্ষক শূন্যতা পূরণের দাবিতে ইতিমধ্যে আমার অফিসে প্রধানমন্ত্রীর বরাবরে রামগড় উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডের মাধ্যমে স্মারকলিপি গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান, যথাযথ কর্তৃপক্ষে সহযোগিতায় শিক্ষক শূন্যতা বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে বলে জানান।

এদিকে ১৯৯৫-৯৬ শিক্ষাবর্ষে বিএসসি কোর্স চালুর অনুমতি পাওয়া গেলেও শিক্ষক নিয়োগ না দেয়ায় প্রায় একযুগের বেশি পার হলেও স্নাতক পর্যায়ে বিজ্ঞান বিভাগ চালু করা যায়নি। ফলে বিপুল পরিমাণ অর্থ ব্যয় করা নির্মিত তিনতলা বিশিষ্ট বিএসসি ভবনটি পরিত্যক্ত অবস্থায় পড়ে আছে। সংশ্লিষ্টরা এ প্রতিনিধিকে জানান, তৃতীয় শ্রেণীর দুজন ও ৪র্থ শ্রেণীর তিনজন কর্মচারীর পদগুলো দীর্ঘদিন ধরে শূন্য রয়েছে। এদিকে শিক্ষক নিয়োগ এবং বিএসসি কোর্স চালুর দাবিতে মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ডসহ স্কুল-কলেজের ছাত্রছাত্রীরা মানববন্ধন এর মাধ্যমে জোর দাবি জানিয়ে আসছিল।